**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
**হিসাব ভবন**
**সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।**
**www.cga.gov.bd**

নং-০৭.০৩.০০০০.০১০.১১.৮৭৪.১৯-৩৮৮ তারিখ: ০৮/০৮/২০২৩ খ্রিঃ।

সিএএফও/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২১/১২/২০২২খ্রিঃ তারিখের-সিএএফও/ স্বাস্থ্য/প্রশা/পেনশন/১৩৩ (খন্ড-১)/৫৩২ নং স্মারকের মৃত মোছাঃ এন্তেজা বেগম, পরিবার কল্যাণ সহকারী এর পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরীর বিষয়ে নির্দেশনার জন্য এ কার্যালয় হতে ২০/০৩/২০২৩খ্রিঃ তারিখের ০৭.০৩.০০০০.০১০.০৮.০০৪.২২-৮২৩ নং স্মারকে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে ১৯/০৬/২০২৩ খ্রিঃ তারিখের-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-৭০ নং স্মারকের মাধ্যমে সিদ্ধান্ত পাওয়া গেছে।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখার ১৯/০৬/২০২৩ খ্রিঃ তারিখের-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-৭০ নং স্মারকটি পৃষ্ঠাংকন করতঃ আদিষ্ট হয়ে এতদসংগে প্রেরণ করা হলা।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।

বরাবর,

১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৬। পিএস টু-সিজিএ।
৭। পিএ টু-সিজিএ/অতিঃ সিজিএ (প্রশাসন)/অতিঃ সিজিএ (হিসাব ও পদ্ধতি)।
৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ জাকির হোসেন)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৬২৯১৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা- ১০০০।

তারিখঃ /০৩/২০২৩খ্রিঃ।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.০০৪.২২- 826

বরাবর
সিনিয়র সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিঃ সচিব, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি-১ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।]

বিষয়ঃ মৃত মোছাঃ এন্তেজা বেগম, পরিবার কল্যাণ সহকারী এর পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর মতামত প্রসঙ্গে।

সূত্রঃ ১। সিএএফও/স্বাস্থ্য/প্রশা/পেনশন/১৩৩(খন্ড)/৫৩২ তারিখঃ ২১/১২/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। মৃত মোছাঃ এয়েজা বেগম পরিবার কল্যান সহকারী, চাকুরিরত অবস্থায় ১০/০৬/২০১৬ খ্রিঃ তারিখে মৃত্যুবরন করেন। তাঁর মৃত্যুর কয়েক মাস পরে স্বামীও মৃত্যুবরন করেন। সেপ্রেক্ষিতে ১ম পক্ষের একমাত্র বিবাহিতা কন্যা জনাব তামিমাতুজ্জান্নাতকে সাকসেশন সার্টিফিকেট এবং অন্যান্য সদস্যগন কর্তৃক প্রদত্ত ক্ষমতা অর্পণ অনুযায়ী আনুতোষিক ও জিপিএফ এবং পেনশন সহজীকরণ আদেশ ২০২০ এর ৩.০৪ অনুচ্ছেদ অনুযায়ী ১৫ বৎসরের মেয়াদকাল পূর্তি পর্যন্ত পারিবারিক অবসরভাতা প্রদানের বিষয়ে সিদ্ধান্তের জন্য সিএএফও/স্বাস্থ্য মন্ত্রণালয় হতে এ কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

৩। মৃত মোছাঃ এয়েজা বেগম পরিবার কল্যান সহকারী ০১/০১/১৯৯০ খ্রি: তারিখ চাকরিতে যোগদান করেন এবং ২৭/০১/১৯৯১ খ্রি: তারিখ ১ম বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তাদের সংসারে মেয়ে তামিমাতুজ্জান্নাত জন্মের পর তার বিবাহ বিচ্ছেদ ঘটে এবং মোছা: এয়েজা বেগম ২য় বিবাহ করেন। মোছা: এয়েজা বেগমের ২য় সংসারে তাদের কোন সন্তান জন্মগ্রহন করেনি এবং তিনি চাকরিরত অবস্থায় ১০/০৬/২০১৬ খ্রি: তারিখ মৃত্যুবরণ করেন। তার মৃত্যুর কয়েকমাস পরে ২য় স্বামী মৃত্যুবরন করেন। মোছা: এয়েজা বেগম তার ২য় স্বামীর ২য় স্ত্রী ছিলেন। মোছা: এয়েজা বেগমের পারিবারিক পেনশন বন্টনের জন্য মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেটে তার গর্ভজাত সন্তান,ভাই,বোন এবং ২য় স্বামীর পূর্বের সংসারের সন্তানদের মধ্যে বন্টন দেখানো হয়েছে।

৪। পেনশন সহজীকরণ আদেশ ২০২০ এর ৩.০৪ অনুযায়ী "পারিবারিক পেনশনের ক্ষেত্রে পুত্র সন্তানের বয়সসীমা হইবে ২৫ বৎসর প্রচলিত বিধানের যেই সকল ক্ষেত্রে পুত্র সন্তানের কোন বয়সসীমা বর্তমানে উল্লেখ নাই, সেই সকল ক্ষেত্রে বয়স নির্বিশেষে সকল পুত্র সন্তান পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। পারিবারিক পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬/০৪/১৯৫৯ তারিখের স্মারক নং-২৫৬৬ (৪০)-এফ এর অনুচ্ছেদ ৫(২) (এ) (ii)-এর অনুসরণে ১৫ বৎসরের মেয়াদকাল পূর্তির কোন সময় অবশিষ্ট থাকিলে পুত্র উক্ত সময় পূর্তি পর্যন্ত তিনি পারিবারিক পেনশন প্রাপ্য হইবেন। ২৫ বৎসরের উর্ধ্বে পুত্র সন্তানের প্রাপ্যতার অনুরূপ শর্তে মৃত সরকারি কর্মচারীর বিবাহিতা কন্যা/কন্যাগণ প্রচলিত বিধিগত পদ্ধতিতে ও হারে পেনশন/আনুতোষিক প্রাপ্য হইবেন"। উক্ত সিদ্ধান্ত মোতাবেক মৃত এয়েজা বেগমের গর্ভজাত একমাত্র কন্যা সন্তান তামিমাতুজ্জান্নাত বিবাহিত হওয়া সত্ত্বেও আনুতোষিক এবং ১৫ বছর পূর্তী পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য বলে এ কার্যালয় মনেকরে। কিন্তু তৎকালীন অর্থ ও রাজস্ব বিভাগের ১৬/০৪/১৯৫৯ তারিখের ২৫৬৬ (৪০)-এফ নং স্মারকের অনুচ্ছেদ ৩ এর উপ অনুচ্ছেদ (১) এর (b)(iii) এবং অনুচ্ছেদ ৫ এর উপ-অনুচ্ছেদ (৩) এর (b) অনুযায়ী জনাব তামিমাতুজ্জান্নাত আনুতোষিক ও পেনশন প্রাপ্য নন বিধায় মৃত এন্তেজা বেগম এর পারিবারিক পেনশন প্রদানের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে সংশয় সৃষ্টি হয়েছে।

এমতাবস্থায়, মৃত মোছাঃ এয়েজা বেগম, প্রাক্তন পরিবার কল্যান সহকারী এর পারিবারিক অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুরীর বিষয়টি নিষ্পত্তির নিমিত্তে সদয় সিদ্ধান্তের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ১১ (এগারো) পাতা।

20.3.23
(জোহরা তারা বেগম)
অতিঃ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) (অঃদাঃ)
ফোনঃ ৮৩৯১০৫৪
তারিখঃ 20 /০৩/২০২৩খ্রিঃ।

নং- ০৭.০৩.০০০০.০১০.০৮.০০৪.২২- 826 (2)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

১। সিএএফও/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অফিস কপি/গার্ড ফাইল।

20.3.23
(জোহরা তারা বেগম)
অতিঃ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি) (অঃদাঃ)
ফোনঃ ৮৩৯১০৫৪

| | | |
|---|---|---|
| ডিসিজিএ | (প্রশাঃ-১/প্রশাঃ-২/বাজেট/দঃ ও শৃঃ/আইসিইউ) পদ্ধতি/অডিট/হিসাব-১/হিসাব-২/নিরাপত্তা ও তত্ত্বাঃ | পরীক্ষা করে মতামত দিন প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| এসিজিএ | (প্রশাসন)/এএন্ডএও | পৃষ্ঠাংকন করুন |
| পিএস টু সিজিএ | | নোট করুন/আলাপ করুন |
| পিএ টু সিজিএ | | নথিভুক্ত করুন |
| | | হিসাব মহানিয়ন্ত্রক |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ অধিশাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০২.২৩-৭০

০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ:
১৯ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: মৃত মোছাঃ এন্তেজা বেগম, পরিবার কল্যাণ সহকারী এর পারিবারিক অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরীর বিষয়ে মতামত প্রদান।

সূত্র: হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০১০.০৮.০০৪.২২-৮২৩, তারিখ: ২০-০৩-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৬-০৪-১৯৫৯ খ্রি. তারিখের ২৫৬৬(৪০)এফ নং স্মারকের বিধি ৩ এর উপবিধি (১) এর (b)(iii) এবং বিধি ৫ এর উপবিধি (৩) এর (b) এ উল্লিখিত বিধান অনুসরণপূর্বক মৃত এন্তেজা বেগমের গর্ভজাত একমাত্র কন্যা সন্তান তামিমাতুজ্জান্নাত বিবাহিত হওয়ায় এবং তাঁর স্বামী জীবিত থাকায় তিনি আনুতোষিক ও পারিবারিক পেনশন প্রাপ্য হবেন না।

২০.০৬.২০২৩
(শাববীর আহমদ)
উপসচিব
ফোন: ৫৫১০০০৭৮

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

| হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ | |
|---|---|
| ডাইরী নং. ........ | তারিখ ঃ........ |
| অতিঃ সিজিএ (প্রশাঃ) | |
| অতিঃ সিজিএ (হিসাব ও পদ্ধতি) | অতি জরুরী |
| ডিসিজিএ (প্রশাঃ /হিসাব/সংস্থা ও শৃংখলা/ আইসিইউ /পদ্ধতি) | ...... দিনের মধ্যে মন্তব্য দিন |
| এসিজিএ (প্রশাঃ)/এএন্ডও | পরীক্ষা করে মতামত দিন |
| পিএ | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| | পৃষ্ঠাংকন করুন |
| | নোট করুন/আলাপ করুন |
| | নথিভুক্ত করুন |
| | এ.এ.ও. রেকর্ড |